গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
গাংনী, মেহেরপুর।

# সিটিজেন চার্টার

**নিবন্ধন ও উপ-আইন সংশোধনঃ**

* বৈধ উপায়ে নিজেদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য নূন্যতম ২০জন একক ব্যক্তি সমন্বয়ে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয় এবং জেলা সমবায় কার্যালয়ে নিবন্ধনের জন্য দাখিলকৃত আবেদন যাচাই বাছাই শেষে সুপারিশসহ জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়।

* সমবায় সমিতি নিবন্ধনের সময় সমবায় সমিতি পরিচালনার জন্য সুনির্দিষ্ট বিধানাবলী সমন্বিত উপ-আইন নিবন্ধন করা হয় এবং পরবর্তীতে প্রয়োজন বোধে উপ-আইনের সংশোধন নিবন্ধন করা হয়।

* সরকারী কর্মসূচির আওতায় বিত্তহীন, ভূমিহীন এবং আশ্রয়হীনদের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৩০০/- (তিনশত) টাকা নিবন্ধন ফি জমা দিতে হয়।

* দারিদ্র বিমোচনের লক্ষে স্বেচ্ছায় বা সরকারী কর্মসূচির আওতায় গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে ৩,০০০/- (তিন হাজার) টাকা, ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটির নিবন্ধনের জন্য কমপক্ষে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা এবং অন্যান্য প্রাথমিক সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে ২০.০০০/- (বিশ হাজার) টাকা পরিশোধিত শেয়ার মূলধন থাকতে হয়।

**প্রশিক্ষনঃ**

* কুমিল্লা শহরের উপকণ্ঠে কোটবাড়িতে অবস্থিত দেশের শীর্ষ সমবায় প্রশিক্ষন প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমী এবং কুষ্টিয়া ও খুলনা সহ ১০টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষন ইনস্টিটিউটে সমবায় সমিতির সদস্যদের সমবায় সমিতি ব্যবস্থাপনাসহ বিভিন্ন আয়বর্ধক খাত যেমন; কম্পিউটার এপ্লিকেশন, মোবাইল সার্ভিসিং, ব্লক-বাটিক, সেলাই, এম্ব্রয়ডারীসহ বিভিন্ন খাতে প্রশিক্ষণ প্রদান করা হয়।

* জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষন ইউনিটকে সাথে নিয়ে সমিতিতে গিয়ে সদস্যদের প্রশিক্ষন দেওয়া হয়ে থাকে।

* সমবায় অধিদপ্তরের ঢাকাস্থ সদর কার্যালয়, কুমিল্লায় অবস্থিত বাংলাদেশ সমবায় একাডেমী ও খুলনা আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউটে অবস্থিত মোট ০৩টি অত্যাধুনিক কম্পিউটার ল্যাবের মাধ্যমে সমবায় সমিতির সদস্য ও সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের আধুনিক তথ্য প্রযুক্তিগত প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে।

**ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ, অডিট, বিরোধ নিস্পত্তি ও পরিদর্শনঃ**

* সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিক ভাবে নির্বাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমিতি নির্বাচন করতে ব্যর্থ হলে উপজেলা সমবায় অফিসার আইনের আওতায় অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করেন।

*জেলা সমবায় অফিসার/উপজেলা সমবায় অফিসার কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারী দ্বারা প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বাৎসরিক নিরীক্ষা সম্পাদন করা হয়।

* সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম উপজেলা সমবায় অফিসার পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে নিস্পত্তির জন্য জেলা সমবায় কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করেন।

* প্রাথমিক সমবায় সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে সমিতির নিবন্ধন বাতিল অথবা অবসায়নে ন্যাস্ত করার জন্য জেলা সমবায় কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়।

**আশ্রয়ণ সমবায়ঃ**

* আশ্রয়ন প্রকল্পের সাথে সম্পৃক্ত সমবায় সমিতি সমূহ হচ্ছে আশ্রয়ণ সমবায় সমিতি। সমাজের ভূমিহীন ও আশ্রয়হীনদের পূনর্গঠন, আত্মকর্মসংস্থান সৃষ্টি, প্রশিক্ষণ ও ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে সামাজিকভাবে সচেতন ও দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকারের প্রত্যক্ষ সহযোগিতায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন আশ্রয়ণ প্রকল্পের অধীনে এ ধরনের সমিতিগুলো সংগঠিত ও পরিচালিত হচ্ছে। এ প্রকল্পসমূহ বাস্তবায়নে বাংলাদেশ সরকারের প্রায় ২৫ টি সংস্থা সংশ্লিষ্ট রয়েছে। এর মধ্যে সমবায় অধিদপ্তর প্রকল্পে পূর্নবাসিতদের বেইজ লাইন সার্ভে,প্রশিক্ষণ এবং প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত হতে ক্ষুদ্র ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সম্পাদন করে আসছে।

**এছাড়া উপজেলা প্রশাসন নির্দেশিত অন্যান্য সেবা প্রদাণ করা হয়ে থাকে।**